# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৮৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সূর্য উদিত হওয়ার আগে ফজরের এক রাকাত পায়, তার জন্য আবশ্যক হলো সূর্য উদিত হওয়ার পর অবিচ্ছিন্নভাবে তার সালাত পূর্ণ করা; সে সালাতকে ছেড়ে দিবে না

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُدْرِكَ رَكْعَةً قَبْلَ طُلُوعِ الشَّمْسِ مِنْ صَلَاةِ الْغَدَاةِ عَلَيْهِ إِتْمَامُ الصَّلَاةِ بَعْدَ طُلُوعِ الشَّمْسِ دُونَ قَطْعِهَا عَلَى نَفْسِهِ

আরবী

1584 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا حُسَيْنُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا شَيْبَانُ عَنْ يَحْيَى عَنْ أَبِي سَلَمَةَ أَنَّ أَبَا هُرَيْرَةَ أَخْبَرَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم قَالَ: (إِذَا أَدْرَكَ أَحَدُكُمْ أَوَّلَ سَجْدَةٍ مِنَ الصُّبْحِ قَبْلَ أَنْ تَطْلُعَ الشَّمْسُ فَلْيُتِمَّ صَلَاتَهُ وَإِذَا أَدْرَكَ أَوَّلَ سَجْدَةٍ مِنْ صَلَاةِ الْعَصْرِ قبل أن تغرب الشمس فَلْيُتِمَّ صلاته)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1584 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (66 و 2475)

বাংলা

১৫৮৪. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমাদের মধ্যে যে ব্যক্তি সূর্য উদিত হওয়ার আগে ফজরের প্রথম সাজদা (রাকা'আত) পায়, সে যেন সালাত পূর্ণ করে নেয়। অনুরূপভাবে যে ব্যক্তি সূর্য অস্ত যাওয়ার আগে আসরের সালাতের প্রথম সাজদা (রাকা'আত) পায়, সে যেন সালাত পূর্ণ করে নেয়।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৫৫৬; নাসাঈ: ১/২৫৭; সুনান বাইহাকী: ১/৩৭৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪০২; মুসনাদ আহমাদ: ২/২৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91178

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন